

37th BCS

জ্ঞানাকা

বিষয় কোড : ৭০১
নির্ধারিত সময়-৪ ঘণ্টা
পূর্ণাম-২০০

ক্রিটিক্যাল প্রশ্নের উত্তর দিতে পারবেন। তবে একই বিষয়ে বাংলা এবং ইংরেজি দুটি ভাষায় উত্তর দিতে পারবেন। টেকনিক্যাল শব্দগুলো ইংরেজিতে লিখতে পারবেন। প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে।

ক বিভাগ
(যে কোন চারটি প্রশ্নের উত্তর লিখুন)
মান-২৫ X ৪ = ১০০

	নম্বর
১। (ক) “হিসাব বিজ্ঞান ব্যবস্থাপনার সহায়ক”- ব্যাখ্যা করুন।	৭
(খ) GAAP কী? এর উৎস কী?	৭
(গ) IASB সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করুন।	৬
(ঘ) পূর্ণ প্রকাশ করুন : (যে কোন ৫টি)	৫
SEC, ACCA, IFRS, IC MAB, IFAC, SAFA, IC AEW	
২। (ক) আর্থিক বিবরণীর উপাদানসমূহ (Elements of financial statements) উল্লেখ করুন।	৫
(খ) মিস নাজিয়া তার ব্যক্তিগত স্বর্ণলংকার ১০,০০০ টাকায় বিক্রি করেন এবং এর ৯,৫০০ টাকা তার ব্যবসায়ে বিনিয়োগ করেন। একটি নির্দিষ্ট হিসাবকালে উক্ত ব্যবসায়ের লেনদেন সমূহ নির্দেশ করুন :	২০
(i) রিপেয়ার সাপ্লাইজ ১১০০ টাকা, টুলস ৯৫০ টাকা এবং একটি পুরনো ট্রাক ২০০০ টাকা নগদে ক্রয় করা হল।	
(ii) দোকান ভাড়া ৭০০ টাকা পরিশোধ করা হল।	
(iii) ২০০ টাকার যত্নাংশ নগদে ক্রয় করা হল।	
(iv) বাকীতে সাপ্লাইজ ক্রয় ৩০০ টাকা।	
(v) ক্রয়মূল্যে পুরনো ট্রাক ও নগদ ৩৫০০ টাকা দিয়ে একটি নতুন ট্রাক ক্রয় করা হল।	
(vi) সেবা সার্ভিস বাবদ ১০০০ টাকা পাওয়া গেল।	
(vii) ট্রাকের ব্যবহারের জন্য ডিজেল ক্রয় ২০০ টাকা।	
(viii) বাকিতে সাপ্লাইজ ক্রয় ৩০০ টাকা (লেনদেন নং (iv) পরিশোধ করা হলো।	
(ix) ১২০০ টাকার সেবা সার্ভিস দিয়ে ৩৭৫ টাকা নগদ পাওয়া গেল।	
(x) ব্যক্তিগত খরচ ২০০ টাকা কারবারের তহবিল হতে পরিশোধ করা হয়।	
(xi) কারবারে অতিরিক্ত বিনিয়োগ ৪০০ টাকা।	

করণীয় : যোগ-বিয়োগের মাধ্যমে হিসাব সমীকরণের উপাদানে লেনদেন সমূহের প্রভাব দেখান এবং প্রত্যেক লেনদেনের পর নতুন মোট পরিমাণ নির্দেশন করুন।

[অপর পৃষ্ঠা দ্রষ্টব্য]

৩। বেলা এন্টারপ্রাইজের রেওয়ামিল নিম্নরূপ :

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০১৬

হিসাবের শিরোনাম

	<u>ডেবিট</u> টাকা	<u>ক্রেডিট</u> টাকা
নগদ	৭,১২৫	
প্রাপ্ত হিসাব (A/R)	১১,৫০০	
প্রাপ্ত নোট (চলতি)	২০,০০০	
মজুত	১,০১,২৫০	
সাপ্লাইজ	১,৬২৫	
অগ্রিম বীমা	৩,০০০	
আসবাব	৮৩,০০০	
পুঁজীভূত অবচয় (আসবাব)		৬,০০০
প্রদেয় হিসাব (A/P)		১,১৭,৫০০
বিক্রির অগ্রিম প্রাপ্তি		৫,০০০
(Unearned sales revenue)		
প্রদেয় নোট (দীর্ঘ মেয়াদী)		৩১,৫০০
মূলধন		৬৪,৭৫০
উত্তোলন	১,৩৫,২৫০	
বিক্রয়		৪,২০,০০০
বিক্রয় বাট্টা	৩,৫০০	
বিক্রয় ফেরত ও এলাউন্স	৫,০০০	
সুদ আয় (Interest revenue)		১,৫০০
বিক্রিত পণ্যের ব্যয় (Cost of goods sold)	২,২৬,২৫০	
মজুরি ব্যয়	২৪,৫০০	
ভাড়া ব্যয়	২১,০০০	
সুদ খরচ	৩,২৫০	
	<u>৬,৪৬,২৫০</u>	<u>৬,৪৬,২৫০</u>

৩১ ডিসেম্বর ২০১৬ অন্যান্য তথ্য নিম্নরূপ :

- হাতে সমাপনী মজুত ১৪০৫০০ টাকা
- হাতে মজুত সাপ্লাইজ ২৫০ টাকা
- অগ্রিম বীমা চলতি সালে মেয়াদ উত্তীর্ণ ২৫০০ টাকা
- আসবাবের অবচয় ১৫০০ টাকা
- বিক্রয় অগ্রিম প্রাপ্তির ৩২৫০ টাকা চলতি সালে অর্জিত হয়েছে
- সুদ খরচ বকেয়া ৫০০ টাকা
- সুদ আয় আরো প্রাপ্ত হয়েছে ১০০০ টাকা। প্রতিষ্ঠানটি অবিরত মজুত পদ্ধতি (Perpetual Inventory system) অনুসরণ করে।

করণীয় : (১) কার্যপত্র (Work Sheet) প্রস্তুতি

(২) প্রয়োজনীয় সমন্বয় দাখিলা

৪। (ক) জানুয়ারি ১, ২০১১ সূজনী কর্পোরেশন ৫০০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে। মেশিনটির অনুমিত আয়ুকাল ৫ বছর এবং ভয়াবশেষ (residual) মূল্য ৫০০০ টাকা। ২০১৬ সালের ফেব্রুয়ারি সূজনী কর্পোরেশন মেশিনটি বিক্রি করে।
করণীয় : নিম্নের প্রতিটি ঘটনা সম্পূর্ণ ঘট্টনা বিবেচনাপূর্বক মেশিন বিক্রির জন্য প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাতে হবে :

- (i) মেশিনটি নগদ ২০০০ টাকায় বিক্রি হল
- (ii) মেশিনটি নগদ ৫০০০ টাকায় বিক্রি হল
- (iii) মেশিনটি নগদ ৮০০০ টাকায় বিক্রি হল
- (iv) মেশিনটি পরিত্যক্ত হল। এজন্য কোন টাকা পাওয়া যায়নি কিংবা পরিশোধ করতে হ্যানি।

(খ) টাইসন কোম্পানি লিঃ এর ২০১৬ এর নগদ প্রবাহ বিবরণীতে (Statement of Cash Flow) ১৫
নিম্নৰ্থিত দফাসমূহ অন্তর্ভুক্ত হবে :

- (a) নীট আয় ৮০০০০ টাকা
- (b) প্রাপ্য হিসাবে (A/R) হ্রাস ২০০০ টাকা
- (c) জমি বিক্রয় (ক্রয়মূল্যে) ৮০০০ টাকা
- (d) নগদ লভ্যাংশ পরিশোধ ২০০০ টাকা
- (e) মজুত বৃদ্ধি ৫০০০ টাকা
- (f) অবচয় ৩০০০ টাকা
- (g) প্রদেয় হিসাব (A/P) হ্রাস ৯০০০ টাকা
- (h) সাধারণ শেয়ার ইস্যু ৮০০০ টাকা
- (i) যত্নপাতি ক্রয় বাবদ পরিশোধ ২০০০০ টাকা
- (j) বেতন প্রদেয় (Salary payable) বৃদ্ধি ৫০০০ টাকা
- (k) প্রারম্ভিক নগদ জের ১৬০০০ টাকা।

করণীয় : পরোক্ষ পদ্ধতিতে ২০১৬ সালের জন্য নগদ প্রবাহ বিবরণী (Statement of Cash Flow) প্রস্তুত।

৫। (ক) অনুপাত বিশ্লেষণের সীমাবদ্ধতা লিখুন।

৫

(খ) এসটি লিমিটেড এর ২০১৫ এবং ২০১৬ সালের আর্থিক বিবরণীসমূহ নিম্নরূপ :

২০

	উদ্বর্তপত্র ৩১/১২/১৬ টাকা	উদ্বর্তপত্র ৩১/১২/১৫ টাকা
১,০০,০০০ শেয়ার প্রতিটি ১০ টাকা মূল্যের	১০,০০,০০০	১০,০০,০০০
সাধারণ সংগ্রহি	৯,০০,০০০	৯,০০,০০০
লাভ লোকসান হিসাব উত্ত	৭৫,০০০	২৫,০০০
৬% ঝুঁপত্র	৩,০০,০০০	২,০০,০০০
প্রদেয় হিসাব (A/P)	৩,৫০,০০০	১,২০,০০০
প্রস্তুতিত লভ্যাংশ	১,০০,০০০	৫০,০০০
	<u>২৭,২৫,০০০</u>	<u>২২,৯৫,০০০</u>
স্থায়ী সম্পত্তি	১৫,০০,০০০	১২,৫০,০০০
মজুত	৮,২৫,০০০	৩,৫০,০০০
প্রাপ্য হিসাব (A/R)	১,৯০,০০০	১,৮০,০০০
নগদ	৬,১০,০০০	৫,১৫,০০০
	<u>২৭,২৫,০০০</u>	<u>২২,৯৫,০০০</u>

[অপর পৃষ্ঠা দ্রষ্টব্য]

বৎসর শেষে প্রস্তুত লাভ লোকসান হিসাব :

	<u>৩১/১২/১৬</u>	<u>৩১/১২/১৫</u>
বিক্রয়	টাকা	টাকা
বিক্রিত পণ্যের ব্যয়	৩০,০০,০০০	২৪,০০,০০০
	<u>১৮,০০,০০০</u>	<u>১৬,০০,০০০</u>
মোট লাভ =	১২,০০,০০০	<u>৮,০০,০০০</u>
খরচ সমূহ	১০,০০,০০০	৭,০০,০০০
	<u>২,০০,০০০</u>	<u>১,০০,০০০</u>
নেট আয় =		

নিম্নবর্ণিত অনুপাত সমূহ বের করুন :

(a) Current Ratio	(b) Acid Test Ratio
(c) Gross Profit Ratio	(d) Net Income to Capital
(e) Equity Ratio	(f) Net Profit Ratio
(g) Turnover to Total Assets	(h) Return on Capital

✓ ১. (ক) কম্প্রেহেন্সিভ আয় বলতে কী বুঝায়? ৩

(খ) বোনাস শেয়ার কী? এর সুবিধা ও অসুবিধা বর্ণনা করুন। ২+৫

(গ) কারেট বিক্রয় কোম্পানি ২০১৬ সালের ৩১ ডিসেম্বর নিম্নবর্ণিত তথ্যসমূহ সরবরাহ করে : ১৫

	<u>টাকা</u>
যত্নপাতি	১,০০,০০০
নগদ	১০,০০০
মজুরি প্রদেয় (Wages payable)	১২,০০০
মজুত	১,২০,০০০
প্রাপ্ত হিসাব (A/R)	৮২,০০০
প্রদেয় বন্দ, পরিশোধ ২০১৬	১,৬০,০০০
মূলধন	?
জমি	৬০,০০০
প্রদেয় হিসাব (A/P)	২০,০০০
সুদ প্রদেয় (Interest payable)	৫,০০০
অগ্রিম বীমা	২,০০০
পুঞ্জিভূত অবচয় (যত্নপাতি)	<u>৩০,০০০</u>

করণীয় : ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে কারেট বিক্রয় কোম্পানীর শ্রেণী বিন্যাসকৃত উদর্তপত্র (Classified Balance Sheet) প্রস্তুত করুন।

✓ ২. (ক) FOB destination ও FOB shipping point ধারণা দুইটি ব্যাখ্যা করুন। ৫

(খ) অবিরত মজুদ ও কালান্তিক মজুদের মধ্যে পার্থক্য লিখুন। ৫

(গ) ২০১৬ সালের জুলাই মাসের 'A' কোম্পানী ও 'C' কোম্পানীর মধ্যে ক্রয়-বিক্রয় সংক্রান্ত নিম্নের লেনদেনগুলো সংঘটিত হয় : ১৫

জুলাই ১ 'A' কোম্পানী 'C' কোম্পানীর নিকট হতে ৩০,০০০ টাকার পণ্য ক্রয় করে

শর্ত $\frac{2}{10}, \frac{12}{30}$ FOB shipping point)

২ জুলাই ১ তারিখের মালামাল পরিবহনের জন্য উপযুক্ত পণ্য পরিবহন ব্যয় পরিশোধ করে - ১০০ টাকা।

৫ 'A' কোম্পানী ফরমায়েশকৃত ছিল না বিধায় ৩০০০ টাকার পণ্য 'C' কোম্পানীকে ফেরত দেয়।

৭. ক্রয়কৃত পণ্য ক্রটিপূর্ণ হওয়ায় 'A' কোম্পানী চালান মূল্য হতে ২০০০ টাকা ভাতা পান।

১০. 'C' কোম্পানী সম্পূর্ণ পাওনা অর্থ 'A' কোম্পানীর নিকট হতে এহণ করে [Assume that cost of all merchandise sold 70% on the sales price]

করণীয় : 'A' কোম্পানী ও 'C' কোম্পানীর বইতে উপরোক্ত লেনদেনগুলোর জাবেদা দেখান :

- (a) কালান্তিক মজুদ পদ্ধতিতে
- (b) অবিরত মজুদ পদ্ধতিতে

খ বিভাগ

A. উৎপাদন ব্যয় হিসাব বিজ্ঞান

(যে কোন দুইটি প্রশ্নের উত্তর নিখুন)

মান-২৫ \times ২ = ৫০

৮। (ক) জব ও প্রক্রিয়া ব্যয় হিসাবের মধ্যে পার্থক্য নির্ণয় করুন।

৫

(খ) কেমিক্যাল ওয়ার্কস ম্যানুফ্যাকচারিং এবং কেমিক্যাল মিক্সার বিক্রয় সম্পর্কিত ২০১৬ সালের হিসাব বই হতে নিম্নলিখিত তথ্য পাওয়া গেল :

২০

মজুত জানুয়ারি-১, ২০১৬

	<u>Kg</u>	<u>টাকা</u>
কাঁচামাল	২,০০০	২,০০০
ফিনিশড মিক্সার (finished mixture)	৫,০০	১,৭৫০
কারখানা ষ্টোর (factory store)	-	৭,২৫০

ক্রয় :

কাঁচামাল	১,৬০,০০০	১,৮০,০০০
কারখানা ষ্টোর	-	২৪,২৫০

বিক্রয় :

ফিনিশড মিক্সার	১,৫৩,০৫০	৯,১৮,০০০
কারখানা স্কার্প (Factory scrap)		৮,১৭০
কারখানা মজুরি		১,৭৮,৬৫০
পাওয়ার		৩০,৮০০
যন্ত্রপাতির অবচয়		১৮,০০০

বেতন :

কারখানা	৭২,২২০
অফিস	৩৭,২২০
বিক্রয়	৪১,৫০০

খরচসমূহ :

প্রত্যক্ষ	১৮,৫০০
অফিস	১৮,২০০
বিক্রয়	১৮,০০০

মজুত ৩১ ডিসেম্বর, ২০১৬

Kg

টাকা

কাঁচামাল	১,২০০
ফিনিশড মিক্সার	৮৫০
কারখানা ষ্টোর	৫,৫৫০

২০১৬ সালের ৩১ ডিসেম্বর মিক্সারের কারখানা ব্যয় (Factory Cost) ফিনিশড মিক্সারের মজুত মূল্যায়ন করা হয়। ২০১৬ সালের পুরো সময়ে কাঁচামাল ক্রয় অপরিবর্তিত থাকে।

করণীয় : ২০১৬ সালের ব্যয় বিবরণী (Statement of Cost) প্রস্তুত করুন।

[অপর পঠা দ্রষ্টব্য]

১। স্টার লিং এর তিন উৎপাদন বিভাগ যথাক্রমে XYZ এবং সেবা বিভাগ A ও B. একটি নির্দিষ্ট $15+7+3=25$

হিসাবকালে নিম্নবর্ণিত অনুমিত অংক পাওয়া গোল :

টাকা

ভাড়া ও কর	১০,০০০
আলো ও বিদ্যুৎ	১,২০০
পরোক্ষ মজুরি	৬,০০০
পাওয়ার	৩,০০০
যন্ত্রপাতির অবচয়	২০,০০০
অন্যান্য খরচ ও বিবিধ	২০,০০০

নিম্নে আরো তথ্য দেয়া হল :

	<u>মোট</u>	<u>X</u>	<u>Y</u>	<u>Z</u>	<u>A</u>	<u>B</u>
মেঝের আয়তন (Sq feet)	১০,০০০	২,০০০	২,৫০০	৩,০০০	২,০০০	৫০০
লাইট পয়েন্ট (নম্বর)	১২০	২০	৩০	৮০	২০	১০
প্রত্যক্ষ মজুরি (টাকা)	২০,০০০	৬,০০০	৮,০০০	৬,০০০	৩,০০০	১,০০০
মেশিন হর্স পাওয়ার	৩০০	১২০	৬০	১০০	২০	-
যন্ত্রপাতির ব্যয়	১,০০,০০০	২৪,০০০	৩২,০০০	৪০,০০০	২,০০০	২,০০০
কর্ম ঘন্টা (Working hours)	-	৮,৬৭০	৩,০২০	৩,০৫০	-	-

সেবা বিভাগ A ও B এর ব্যয়সমূহ নিম্নরূপে বন্টন করতে হবে :

	<u>X</u>	<u>Y</u>	<u>Z</u>	<u>A</u>	<u>B</u>
A	২০%	৩০%	৪০%	-	১০%
B	৮০%	২০%	৩০%	১০%	-

তিনটি উৎপাদন বিভাগের ঘন্টা প্রতি উপরিব্যয় গ্রহণ হার (overhead absorption rate per hour) নির্ণয় করতে হবে ।

একটি পণ্য উৎপাদনের X Y ও Z তিনটি বিভাগকেই অতিক্রম করতে হয়, যার জন্য যথাক্রমে ২, ৩ ও ৪ শ্রম ঘন্টা দরকার হয়। মোট কাঁচামাল ব্যয় ৮০ টাকা এবং প্রত্যক্ষ মজুরি ৪০ টাকা। তাহলে পণ্যটির উৎপাদন ব্যয় কত ।

১০। (ক) ঠিকা কার্যের ক্ষেত্রে অসমাপ্ত কার্যের মূলাফা নির্ণয়ের পদ্ধতি ব্যাখ্যা করুন । ৮
 (খ) সমতুল্য উৎপাদন ব্যয় একক (Cost of equivalent units of production) কী? ৩
 (গ) বাজেটীয় নিয়ন্ত্রণের সুবিধা বর্ণনা করুন । ৬
 (ঘ) Joint products ও By products এর মধ্যে পার্থক্য নির্ণয় করুন । ৬
 (ঙ) মান ব্যয়ের (standard costs) সুবিধা ও অসুবিধা লিখুন । ৬

B. নিরীক্ষা শাস্ত্র

(যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর লিখুন)

মান-২৫

$5 \times 5 = 25$

১১। (ক) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার বৈশিষ্ট্যসমূহ উল্লেখ করুন ।
 (খ) পাবলিক লিং কোম্পানীর ক্ষেত্রে নিরীক্ষকের যোগ্যতা ও দায়িত্ব সংক্ষেপে আলোচনা করুন ।
 (গ) নিরীক্ষা প্রতিবেদন কত প্রকার? এদের বৈশিষ্ট্যসমূহ আলোচনা করুন ।
 (ঘ) নিরীক্ষার ক্ষেত্রে কোন ধরণের নিরীক্ষামাল ও নির্দেশিকা অনুসরণ করা যায়? সংক্ষেপে বর্ণনা করুন ।

(৫) টিমিং ও লেডিং বলতে কি বুঝানো হয়?

(৬) নিরীক্ষা কার্যসূচী প্রণয়নে বিবেচ্য বিষয়সমূহ কী? এ ধরণের কার্যসূচী কেন গুরুত্বপূর্ণ?

(৭) ভাউচার বা প্রামাণ্য দলিল বলতে কী বুঝায়? নিখোঁজ ভাউচারের ফেন্সে নিরীক্ষকের কর্তব্য কী?

C. আয়কর

(চ নং প্রশ্নসহ মোট চারটি প্রশ্নের উত্তর দিন)

মান-২৫

১২। (ক) আয়করের উদ্দেশ্যে বিভিন্ন প্রকার ভবিষ্যৎ তহবিলের বর্ণনা করুন।	৫
(খ) গৃহসম্পত্তি খাতে অনুমোদনযোগ্য খরচসমূহ লিখুন।	৫
(গ) রেয়াতযোগ্য আয়সমূহ উল্লেখ করুন।	৫
(ঘ) অধিম কর কর্তনের ৫টি ক্ষেত্র উল্লেখ করুন।	৫
(ঙ) আয়কর কর্তৃপক্ষ কারা? সংক্ষেপে উল্লেখ করুন।	৫
(চ) ২০১৬ সালের ৩০ শে জুন সমাপ্ত আর্থিক বছরে মিঃ 'Y' এর আয় নিম্নরূপ ছিল :	১০

	<u>টাকা</u>
(১) মূল বেতন	৩,০০,০০০
(২) মহার্ঘ্য ভাতা	৬০,০০০
(৩) উৎসব ভাতা	৫০,০০০
(৪) চিকিৎসা ভাতা	১০,০০০
(৫) কোম্পানীর লভ্যাংশ	২৫,০০০
(৬) সঞ্চয় হিসাবের সুদ	৫,০০০
(৭) লটারীতে প্রাপ্ত	২০,০০০

মিঃ 'Y' ভাড়াযুক্ত সুসজ্জিত বাসস্থানে বসবাস করেন। এর পৌর মূল্য ২০,০০০ টাকা। তিনি অনুমোদিত প্রতিভেন্ট ফাল্ডে তার মূল বেতনের ১০% প্রদান করেন এবং তার নিয়োগকর্তার উক্ত ফাল্ডে সম্পরিমাণ অর্থ প্রদান করেন। তার ৫০,০০০ টাকার একটি জীবন বীমা পলিসি আছে যার বার্ষিক প্রিমিয়াম বাবদ বছরে তিনি ৫০০০ টাকা প্রদান করেন। এ ছাড়া সোনালী ব্যাংকে মাসিক ১০০০ টাকা হারে একটি ডিপোজিট পেনশন স্কীম রয়েছে।

মিঃ 'Y' এর ২০১৬ সালের ৩০ জুন সমাপ্ত অর্থ বছরে মোট আয় এবং প্রদেয় কর নির্ণয় করুন।

BCS, Bank

PDF বইয়ের অনলাইন লাইব্রেরী

MyMahbub.Com